দৈনিক
ইত্তেফাক

11 JAN 17
পৃঃ ৫ কলাম ৫

# নকল বন্ধে শিক্ষার্থীদের কাছে ইউএনওর খোলা চিঠি

■ মুরাদনগর (কুমিল্লা) সংবাদদাতা

আসন্ন এসএসসি ও দাখিল পরীক্ষা সুষ্ঠু, সুন্দর এবং নকল মুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে একটি ব্যতিক্রমী উদ্যোগ হিসেবে জেলায় মুরাদনগর উপজেলার আট হাজার পরীক্ষার্থীর কাছে একটি খোলা চিঠি লিখেছেন উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ রাসেলুল কাদের। ইউএনও'র এই ব্যতিক্রমী উদ্যোগকে স্বাগত জানিয়েছেন সুশীল সমাজ ও বিভিন্ন সংগঠন এবং সকল পরীক্ষার্থীর অভিভাবকরা।

চিঠির শুরুতে পরীক্ষার্থীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে ইউএনও লিখেন, আমাদের এই প্রিয় দেশকে বিশ্বের মর্যাদাশীল জাতিসমূহের কাতারে আসীন করতে তোমরাই এগিয়ে আসবে সর্বাগ্রে। তোমাদের হতে হবে আরো গতিশীল ও চৌকস। নকলের ধকল কাটিয়ে সমাজকে করতে হবে কলুষমুক্ত।'আমি আশা করছি, তোমরা সঠিকভাবে পড়াশোনা করে জ্ঞান অর্জনের মাধ্যমে আসন্ন পরীক্ষায় অংশগ্রহণ করবে।

উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ রাসেলুল কাদের বলেন, আড়াই মাস হলো আমি এ উপজেলায় ইউএনও হিসেবে দায়িত্ব পালন করছি। কিছু দিনের মধ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে যাওয়া এবং শিক্ষার্থী-শিক্ষকদের সাথে কথা বলার সুযোগে তাদের অনেক বিষয়ে অবগত হয়েছি। সেই থেকেই আমি এই খোলা চিঠি লিখেছি।